International Day of the Midwives & Nurses

2019

Midwives: Defenders of Women's Rights

Nurses: A voice to lead Health for All

Bangladesh Nursing & Midwifery Council

About

Bangladesh Nursing & Midwifery Council (BNMC)

Bangladesh Nursing & Midwifery Council

The Bangladesh Nursing & Midwifery Council is a Body Corporate constituted by Parliamentarian Law of People's Republic of Bangladesh under BNMC Act No. 48 of 2016.

Purpose of the BNMC

To ensure standards of nursing and midwifery education and practice in order to protect the vulnerable public, acts as a Registration Issuing & Renewal Authority as well as conducting Licensing Examination of nurses, midwives and other allied professions.

It acts as a National Education Board to ensure quality of education for nurses, midwives & other allied course curriculum authority and professions which regulates practice for maintaining clinical standards.

How is the BNMC constituted?

Nursing & Midwifery Council consists of 22 members. Among them two-third are from Nursing profession, others are from MoHFW, DGHS and DGNM. The members are from various disciplines like nurses, doctors, representative of professional associations and others. The President is the Secretary, Medical Education and Family Welfare Division, Ministry of Health & Family Welfare, the Vice President is Additional Secretary (Nursing Education), Ministry of Health & Family Welfare, the Director General, Directorate General of Nursing and Midwifery the Secretary is the Registrar and the Treasurer is the Director (Education), Directorate General of Nursing and Midwifery. Beside this, the Council employs three officers, i.e. a Registarar and two Deputy Registarar. Among them one Deputy Registarar deals with administration and the other with education. In addition there are IT Assistant Programmer, Administrative Assistants, Driver, Night guard, Office peon and Cleaners.

Activies of the BNMC

- Assessment of existing nursing care standard and comparing with desirable standard against set criteria
- Revising and improving admission standard and the examination system
- Reviewing & revising the existing Nursing & Midwifery Curriculum Periodically
- Planning to introduc examination for renewal of Registration
- Conducting workshops/seminars
- Preparation of future leaders for the professional development
- Establishing monitoring system of Nurses' & Midwives' competencies throughout the country
- Organizing and improving e-record keeping system of the BNMC
- Providing of Students Registration & RNM Database
- Conducting Licensing Examination for all the courses of Nursing, Midwifery & allied profession
- Securing grant-in-aid and other financial resources to strengthen the BNMC

Future Plan of BNMC

- Launching pilot project on nursing and Midwifery standard
- Plan to conducting Registration renewal examination
- Ensuring quality control of education and services
- Introduce teachers' training cell

International Day of the Midwives & Nurses

2019

Midwives: Defenders of Women's Rights

Nurses: A voice to lead Health for All

Bangladesh Nursing & Midwifery Council

আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস-২০১৮

৬ষ্ঠ সংখ্যা

প্রকাশকাল
০৫ মে, ২০১৯

উপদেষ্টা সম্পাদক
সুরাইয়া বেগম

প্রধান সম্পাদক
ড. মো: মফিজ উল্লাহ্

সহ-সম্পাদক
রাশিদা আক্তার

সম্পাদক মন্ডলীর সদস্য
রেভা মন্ডল

প্রচ্ছদ পরিকল্পনা
মো: মাহবুব এম. ইমন

সার্বিক সহযোগিতা
মোঃ মুরাদ শিকদার
মঞ্জুরুল করিম
যোবায়ের আরাফাত

প্রকাশক
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর , ঢাকা-১০০০।
ফোন: ০২-৯৫৬১১১৬, ৯৫৬৪১৫৯
ই-মেইল: info@bnmc.gov.bd
ওয়েব: www.bnmc.gov.bd

কম্পিউটার গ্রাফিক্স
বিপ্লব কুমার শীল

মুদ্রণ ও অঙ্গসজ্জা
graph dot net
Creative Printing Media
E-mail: graph.net1990@gmail.com
১০৪/১, ফকিরাপুল সাফাইয়াত উল্লাহ্ লেন, মতিঝিল, ঢাকা-১০০০।

بسم الله الرحمن الرحيم

রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

বাণী

২২ বৈশাখ ১৪২৬
০৫ মে ২০১৯

বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও ৫ মে 'আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস' উদ্‌যাপিত হচ্ছে জেনে আমি আনন্দিত। আন্তর্জাতিক মিডওয়াইফ দিবসে এবারের প্রতিপাদ্যঃ "Midwives: Difenders of Women's Rights", অর্থাৎ 'নারীর অধিকার রক্ষায়: মিডওয়াইফ' যথার্থ হয়েছে বলে আমি মনে করি।

সার্বিক স্বাস্থ্য ব্যবস্থাপনায় মিডওয়াইফ একটি অপরিহার্য উপাদান। বিশেষ করে একজন মায়ের পরিবার পরিকল্পনা থেকে শুরু করে প্রজনন স্বাস্থ্য রক্ষা, গর্ভধারণ, সন্তান প্রসব এবং মা ও নবজাতকের স্বাস্থ্যসেবা প্রদানে প্রশিক্ষিত মিডওয়াইফ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। মিডওয়াইফগণ সহজে প্রান্তিক জনগোষ্ঠীর সাথে মিশে যেতে সক্ষম হওয়ায় বাড়ি বাড়ি গিয়ে প্রসবকালীন সেবা প্রদান এবং প্রজনন স্বাস্থ্য বিষয়ে তৃণমূল পর্যায়ে সচেতনতা সৃষ্টিতেও তাদের রয়েছে গুরুত্বপূর্ণ ভূমিকা। বর্তমান সরকার জনগণের দোরগোড়ায় উন্নত স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে বদ্ধপরিকর। মিডওয়াইফদের যথাযথ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে এ লক্ষ্য অর্জন সম্ভব বলে আমার দৃঢ় বিশ্বাস।

বর্তমান সরকার মা ও শিশুর স্বাস্থ্যসেবা উন্নয়নে নানামুখী কর্মসূচি বাস্তবায়ন করছে। নিরাপদ মাতৃত্ব ও শিশু মৃত্যুহার হ্রাসে প্রশিক্ষিত মিডওয়াইফের গুরুত্ব বিবেচনায় সরকার মিডওয়াইফারি শিক্ষা কোর্স সার্ভিসের উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। পাশাপাশি দেশব্যাপী স্বাস্থ্য অবকাঠামো নির্মাণসহ বিপুলসংখ্যক চিকিৎসক, নার্স ও মিডওয়াইফ নিয়োগ দেয়া হয়েছে। সারাদেশে ১৩ হাজার ৫০০টি কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে প্রান্তিক জনগোষ্ঠীর দোরগোড়ায় স্বাস্থ্য, পরিবার কল্যাণ ও পুষ্টিসেবা পৌঁছে দেয়া সম্ভব হচ্ছে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় স্বাস্থ্যখাতে সাফল্যের এ ধারা অব্যাহত থাকুক - এ প্রত্যাশা করি।

আমি আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস উপলক্ষে গৃহীত কর্মসূচির সার্বিক সফলতা কামনা করছি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

ধন্যবাদ

(মোঃ আবদুল হামিদ)

5 MAY 2019
Midwives: Defenders of Women's Rights

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
১৯৭২
BANGLADESH NURSING & MIDWIFERY COUNCIL
5 MAY 2019
Midwives: Defenders of Women's Rights

بسم الله الرحمن الرحيم

প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

২২ বৈশাখ ১৪২৬
০৫ মে ২০১৯

বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশেও ৫ই মে 'আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস' পালন করা হচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি বাংলাদেশসহ বিশ্বের সকল মিডওয়াইফকে আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।

দিবসটির এবারের প্রতিপাদ্য "Midwives: Defenders of Women's Rights" অর্থাৎ 'নারীর অধিকার রক্ষায়: মিডওয়াইফ' অত্যন্ত সময়োপযোগী হয়েছে বলে আমি মনে করি।

আমাদের সরকার জনগণের দোরগোড়ায় স্বাস্থ্যসেবা পৌঁছে দিতে বিগত ১০ বছরে ব্যাপক কর্মসূচি বাস্তবায়ন করেছে। আমরা দেশে নতুন নতুন হাসপাতাল, বিশেষায়িত হাসপাতাল ও নার্সিং ইনস্টিটিউট প্রতিষ্ঠা করেছি। হাসপাতালের শয্যা সংখ্যা বৃদ্ধি করা হয়েছে। প্রত্যন্ত অঞ্চলে স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে আমরা সাড়ে ১৮ হাজার কমিউনিটি ক্লিনিক ও ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র চালু করেছি। এর ফলে মা ও শিশু স্বাস্থ্যসেবায় উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হয়েছে। গর্ভবতী মা ও নবজাতকের উন্নত পরিচর্চা ও মৃত্যুহাররোধে বহুমুখী পদক্ষেপ গ্রহণ করার ফলে নির্দিষ্ট সময়ের পূর্বেই আমরা MDGs গোল অর্জন করতে সক্ষম হয়েছি। ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে আমরা কাজ করে যাচ্ছি।

স্বাস্থ্য ব্যবস্থাপনায় মিডওয়াইফ অপরিহার্য। মা ও শিশু মৃত্যুহার হ্রাসে ধারাবাহিক সাফল্য অর্জনের ক্ষেত্রে দক্ষ ও প্রশিক্ষিত মিডওয়াইফগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। গর্ভবতী মা ও নবজাতকের উন্নত পরিচর্যার ক্ষেত্রে আমাদের সরকার সবধরনের সুযোগ-সুবিধা ও পরিবেশ নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। তিন হাজার মিডওয়াইফ পদ সৃষ্টিসহ মিডওয়াইফারি শিক্ষাকে প্রাতিষ্ঠানিক রূপ দিতে আমরা নানা উদ্যোগ গ্রহণ করেছি। মা ও শিশুর স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সকল জেলা-উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্স ও ইউনিয়ন সাব-সেন্টারে পর্যায়ক্রমে প্রশিক্ষিত মিডওয়াইফ নিয়োগ দেওয়া হচ্ছে। নারীদের প্রজননস্বাস্থ্য রক্ষা এবং গর্ভধারণের ক্ষেত্রে নারীদের পূর্ণ অধিকার নিশ্চিত করার পাশাপাশি নারীদের স্বাস্থ্যসেবা, অধিকার রক্ষা, সচেতনতা বৃদ্ধিতে মিডওয়াইফগণ কাজ করে যাচ্ছেন।

আমি আশা করি, প্রত্যন্ত অঞ্চলে মা ও শিশু স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়ার লক্ষ্যে মিডওয়াইফগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবেন।

আমি "আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস ২০১৯" উপলক্ষে গৃহীত সকল কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

(শেখ হাসিনা)

5 MAY 2019
Midwives: Defenders of Women's Rights

বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
১৯৭২
BANGLADESH NURSING & MIDWIFERY COUNCIL

মন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

আমি জেনে আনন্দিত যে, আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস উপলক্ষে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর সম্মিলিতভাবে প্রতি বছরের ন্যায় এ বছরও আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস উদ্‌যাপন করছে।

মা ও শিশু মৃত্যুহাররোধে ICM ১৯৯১ সালে সর্বপ্রথম বিশ্বব্যাপী জনসচেতনতা বৃদ্ধির লক্ষেত "আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস" পালনের উদ্যোগ গ্রহণ করে। তারই ধারাবাহিকতায় প্রতিবছরই বিজ্ঞানসম্মত ও সময়োপযোগী প্রতিপাদ্যের মাধ্যমে ICM সদস্যভূক্ত দেশগুলো এ দিবসটি উদ্‌যাপন করে যাচ্ছে। দিবসটির এবারের প্রতিপাদ্য বিষয়: "Midwives: Defenders of Women's Rights." অর্থাৎ নারীর অধিকার রক্ষায়: মিডওয়াইফ।

দক্ষ মিডওয়াইফ গর্ভবতী নারী ও নবজাতকের সুস্বাস্থ্য রক্ষা, মানসম্মত সেবা ও পরামর্শ প্রদানের মাধ্যমে মাতৃশিশু পরিচর্যা ও মৃত্যুহার হ্রাসে উল্লেখযোগ্য অবদান রেখে যাচ্ছে। উন্নয়নশীল দেশে মা ও শিশুর মৃত্যুহার এখনো উদ্বেগজনক। এ প্রতিরোধযোগ্য সমস্যা সমাধানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় নানাবিধ পদক্ষেপ গ্রহন করেছেন। এগুলোর মধ্যে তিন বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-মিডওয়াইফারি কোর্স, ছয় মাসের এডভান্সড সার্টিফাইড মিডওয়াইফারি কোর্স, ওয়েব ভিত্তিক মিডওয়াইফারি মাষ্টার্স কোর্স প্রবর্তন এবং মিডওয়াইফারিতে বৈদেশিক উচ্চতর ডিগ্রী গ্রহণের ব্যবস্থা উল্লেখযোগ্য।

মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী উপজেলা স্বাস্থ্য কমপেক্স ও ইউনিয়ন সাবসেন্টারে প্রশিক্ষিত ডিপ্লোমা মিডওয়াইফদের পর্যায়ক্রমে নিয়োগ প্রদান করা হচ্ছে। আইসিএম স্ট্যান্ডার্ড অনুযায়ী বাংলাদেশে ৪৭টি মিডওয়াইফ লেড কেয়ার সেন্টার চালু আছে। এসব কেন্দ্রে মা ও শিশুর গুনগত সেবা প্রদানের লক্ষ্যে ইতিবাচক পরিবেশ, পর্যাপ্ত সরঞ্জামাদি সরবরাহ ও সামাজিক দৃষ্টিভঙ্গির ইতিবাচক পরিবর্তন অপরিহার্য।

উল্লেখ্য, প্রশিক্ষিত নার্স এবং মিডওয়াইফগণ রোহিঙ্গা ক্যাম্পস, কক্সবাজারে মা ও শিশু স্বাস্থ্যসেবায় প্রশংসনীয় ভূমিকা পালন করে যাচ্ছে। আমার বিশ্বাস আমরা ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অর্জনের মাধ্যমে বাংলাদেশকে উন্নত দেশের তালিকাভূক্ত করতে সক্ষম হবো।

আমি "মিডওয়াইফ দিবস-২০১৯" এর সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

ধন্যবাদ

(জাহিদ মালেক)

5 MAY 2019
Midwives: Defenders of Women's Rights

প্রতিমন্ত্রী
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

আজ "আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস"। বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও গুরুত্বের সাথে বিভিন্ন কর্মসূচী গ্রহণের মাধ্যমে দিবসটি উদ্‌যাপন হচ্ছে জেনে আমি আনন্দিত। এ বছরের প্রতিপাদ্য বিষয় "Midwives: Defenders of Women's Rights" অর্থাৎ "নারীর অধিকার রক্ষায়: মিডওয়াইফ" যা বাংলাদেশের প্রেক্ষাপটে যথার্থ বলেই আমি মনে করি।

মিডওয়াইফ ও স্বাস্থ্যকর্মীদের আন্তরিক প্রচেষ্টা ও অক্লান্ত পরিশ্রমের ফলে বাংলাদেশ মাতৃ ও শিশু মৃত্যুহার হ্রাসে উল্লেখযোগ্য সফলতা অর্জন করতে সক্ষম হয়েছে। গর্ভবতী মা ও নবজাতকের পরিচর্যায় প্রশিক্ষিত মিডওয়াইফের বিকল্প নেই। গুনগত সেবাদান নিশ্চিত করতে পর্যাপ্ত প্রশিক্ষণ, অধিক সংখ্যক দক্ষ মিডওয়াইফ তৈরী, প্রয়োজনীয় শিক্ষা ও সার্ভিস সংক্রান্ত উপকরণ, সরঞ্জামাদি সরবরাহ, উপযুক্ত ও নিরাপদ কর্ম পরিবেশ সৃষ্টি এবং সহায়ক জনবল নিয়োগ বা পদায়ন অপরিহার্য। এলক্ষ্যে বর্তমান সরকার আন্তরিকতার সহিত কাজ করে যাচ্ছে।

বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য নেতৃত্ব এবং দূরদর্শী পরিকল্পনায় স্বাস্থ্যসেবার মান বৃদ্ধি পেয়েছে, শিশু ও মাতৃ মৃত্যুহার হ্রাস পেয়েছে এবং মানুষের গড়আয়ু বৃদ্ধি পেয়েছে। যার ফলস্বরূপ মাননীয় প্রধানমন্ত্রী পেয়েছেন আন্তর্জাতিক স্বীকৃতি। সম্পদের সীমাবদ্ধতা সত্বেও কেবল স্বাস্থ্য খাতেই নয় বরং দেশের সামগ্রিক উন্নয়নের জন্য প্রায় সকল খাতেই উল্লেখযোগ্য পরিবর্তনের ফলে বাংলাদেশ জাতিসংঘ কর্তৃক উন্নয়নশীল দেশের স্বীকৃতি পেয়েছে। সরকারের প্রতি মানুষের আস্থা অর্জিত হয়েছে উল্লেখযোগ্য হারে।

মিডওয়াইফসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে সেবা দানকারীদের জন্য নিরাপদ ও উপযুক্ত কর্মপরিবেশ অপরিহার্য। আগামী ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষমাত্রা অর্জনে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন বাস্তবায়নে তাঁরই সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা নিরলসভাবে কাজ করে যাচ্ছেন।

নার্স-মিডওয়াইফগণ স্বাস্থ্যসেবায় একটি অবিচ্ছেদ্য অংশ। আমার প্রত্যাশা এ মহান পেশায় নিয়োজিত প্রশিক্ষিত সকল মিডওয়াইফগণ বিষয়টি অনুধাবন করে এ দেশের জনগণের সেবায় আত্মনিয়োগ করে তাদের অবস্থান ও মর্যাদা অক্ষুন্ন রাখবেন।

পরিশেষে আমি আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস-২০১৯-এর সফলতা কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু।
বাংলাদেশ চিরজীবী হোক।

(ডাঃ মোঃ মুরাদ হাসান, এমপি)

সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

“আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস-২০১৯” বাংলাদেশে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এবছরে এ দিবসের প্রতিপাদ্য বিষয়: "Midwives: Defenders of WomenÕs Rights." অর্থাৎ নারীর অধিকার রক্ষায়: মিডওয়াইফ। সময়ের প্রেক্ষাপটে প্রতিপাদ্যটি খুবই তাৎপর্যপূর্ণ।

দেশের স্বাস্থ্য সাভির্সে দক্ষ জনশক্তি হিসাবে মিডওয়াইফদের সংযোজন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার একটি অনন্য অবদান। জাতিসংঘে তার প্রদত্ত প্রতিশ্রুতি অনুযায়ী মিডওয়াইফ এর পদসৃষ্টি, শিক্ষা ও প্রশিক্ষণ কোর্স চালু হয়েছে এবং আশা করা হচ্ছে মাতৃ ও শিশু মৃত্যুর হার সংক্রান্ত টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) অর্জনে এই দক্ষ জনশক্তি উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।

স্বাস্থ্যখাতে দেশ বিগত দশকগুলোতে উল্ল্যেখযোগ্য অগ্রগতি সাধন করেছে। মাতৃ ও শিশু মৃত্যুর হার হ্রাসে বাংলাদেশের সাফল্য সারা বিশ্বে প্রশংসিত হয়েছে এবং এজন্য মাননীয় প্রধানমন্ত্রী একাধিক আন্তর্জাতিক পুরস্কার লাভ করেছেন। এসব সাফল্যের কারণে মাননীয় প্রধানমন্ত্রী সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের পথে শিশু স্বাস্থ্য ও মাতৃ স্বাস্থ্যের বিষয়ে জাতিসংঘের পুরষ্কার লাভ করেন।

আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস ২০১৯ উদ্‌যাপনের মাধ্যমে মিডওয়াইফারি শিক্ষা, সার্ভিস আরও উন্নত হবে এবং মিডওয়াইফ সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাবে বলে আমার বিশ্বাস। আমি “আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস-২০১৯”-এর সফলতা কামনা করি এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই।

(মোঃ আসাদুল ইসলাম)

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

'আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস-২০১৯' বাংলাদেশে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। দিবসটি উদ্‌যাপনের মাধ্যমে মিডওয়াইফারি শিক্ষা, সার্ভিস ও প্রশিক্ষিত মিডওয়াইফ সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধি পাবে বলে আমার বিশ্বাস। এবছর দিবসটির প্রতিপাদ্য বিষয়: "Midwives: Defenders of Women's Rights" অর্থাৎ নারীর অধিকার রক্ষায়: মিডওয়াইফ। বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশের প্রেক্ষাপটে প্রতিপাদ্যটি খুবই তাৎপর্যপূর্ণ।

বাংলাদেশ মাতৃমৃত্যু ও শিশুমৃত্যুহ্রাসের ক্ষেত্রে উল্লেখযোগ্য সাফল্য অর্জন করায় জাতিসংঘ কর্তৃক এমডিজি এ্যাওয়ার্ড-২০১০ অর্জন করেছে। এ সাফল্যের ক্ষেত্রে মিডওয়াইফদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। মাতৃমৃত্যু ও শিশু মৃত্যুহার শূন্যের কোটায় নামিয়ে আনতে মিডওয়াইফ, মা ও পরিবারের সদস্যদের সম্মিলিত প্রয়াস অপরিহার্য। এ লক্ষ্য অর্জনে এবং মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নে সৃজিত ৩০০০ মিডওয়াইফ পদে পর্যায়ক্রমে রেজিস্টার্ড মিডওয়াইফ পদায়ন করা হচ্ছে। দেশের সকল জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিত করার ক্ষেত্রে মিডওয়াইফগণ তাদের উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য নিষ্ঠার সাথে পালন করবেন বলে আমার বিশ্বাস। ২০৩০ সালের মধ্যে মানসম্মত স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে যে বৈশ্বিক অঙ্গীকার সামনে রেখে বর্তমান সরকার কাজ করে যাচ্ছে, 'আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস-২০১৯' এর প্রতিপাদ্য হিসেবে নারীর অধিকারের উপর গুরুত্ব প্রদান তার বাস্তবায়নকে আরো ত্বরান্বিত করবে।

আমি 'আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস-২০১৯' এর সফলতা কামনা করি এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাই।

(জি. এম. সালেহ উদ্দিন)

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

বাংলাদেশে “আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস” ৫ মে ২০১৯ উদ্‌যাপিত হতে যাচ্ছে জেনে আমি গর্বিত ও আনন্দিত। এ উপলক্ষে অনুষ্ঠান আয়োজক ও সকল সহযোগিদের আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি। দিবসটির প্রতিপাদ্য বিষয় “Midwives: Defenders of Women's Rights” অর্থাৎ নারীর অধিকার রক্ষায়ঃ মিডওয়াইফ। প্রতিপাদ্যের বিষয়বস্তু খুবই গুরুত্বপূর্ণ। স্বাস্থ্য ব্যবস্থাপনায় মা ও শিশুস্বাস্থ্য পরিচর্যা এবং মাতৃ ও শিশু মৃত্যুহার হ্রাসে মিডওয়াইফ সার্ভিসের বিকল্প নেই।

মিডওয়াইফদের আন্তরিক প্রচেষ্টায় বাংলাদেশের মা ও নবজাতকের মৃত্যুহার পূর্বের তুলনায় অনেকাংশে হ্রাস পেয়েছে। এ কার্যক্রম আরো গতিশীল করার জন্য জনগণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা প্রয়োজন। উন্নত দেশের তুলনায় বাংলাদেশ এখনও মা ও শিশুমৃত্যুহার প্রতিরোধে পিছিয়ে আছে। টেকসই উন্নয়ন (SDGs) লক্ষমাত্রা অর্জনে বাংলাদেশে আরো অধিকসংখ্যক প্রশিক্ষিত মিডওয়াইফ প্রয়োজন।

গর্ভবতী মা, মিডওয়াইফসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে সেবাদানকারীদের জন্য নিরাপদ ও উপযুক্ত কর্মপরিবেশ নিশ্চিত করা অপরিহার্য। এ সমস্যা সমাধানে সরকারের পাশাপাশি সমাজের বিত্তবানদের এগিয়ে আসতে হবে। আমি মনে করি স্বাস্থ্যসেক্টরে কর্মরত ডাক্তার, নার্স, মিডওয়াইফ ও অন্যান্য সহযোগী সংশ্লিষ্ট পেশাজীবীদের মধ্যে সমন্বয়ের মাধ্যমে বর্তমান সরকারের উন্নয়ন লক্ষমাত্রা অর্জন করা সম্ভব। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এ ক্ষেত্রে অগ্রণী ভূমিকা রাখতে পারে। উন্নত সেবাদানের লক্ষে মিডওয়াইফদের ব্যবহারিক শিক্ষা ও কর্মকান্ড পর্যবেক্ষণ ও মূল্যায়নের প্রতি জোর দেয়া প্রয়োজন।

পরিশেষে, আমি “আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস-২০১৯”-এর সফলতা কামনা করছি।

ধন্যবাদ

(অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ)

মহা-পরিচালক
(অতিরিক্ত সচিব)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বাণী

এবছর প্রথম বারেরমত বাংলাদেশে ৫ মে ২০১৯ "আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস" এবং ১২ মে ২০১৯ "আন্তর্জাতিক নার্সেস দিবস" একত্রে উদ্‌যাপিত হচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল সম্মিলিতভাবে এ অনুষ্ঠানের আয়োজন করছে।

আন্তর্জাতিক নার্সেস দিবস ২০১৯ এর প্রতিপাদ্য বিষয় **"Nurses: A voice to lead - Health for All"** এবং আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস ২০১৯ প্রতিপাদ্য বিষয় **"Midwives: Defenders of Women's Rights"** যার বাংলা অর্থ হচ্ছে "নারীর অধিকার রক্ষায়: মিডওয়াইফ"। এই প্রতিপাদ্য বিষয় দুটি যথার্থ বলে আমি মনে করি। একজন নার্স পীড়িত মানুষের শারিরীক, মানসিক ও আত্মিক সেবার সঙ্গে যুক্ত অপরদিকে একজন মিডওয়াইফ মা ও শিশু স্বাস্থ্য রক্ষায় দৃঢ় প্রতিজ্ঞ।

নার্সিং বিশ্বের বৃহত্তম স্বাস্থ্য সেবা পেশা, মানব সেবায় উজ্জীবিত এবং স্বাস্থ্যসেবার সামগ্রিক উন্নয়নে নার্সিং পেশার প্রয়োজনীয়তা অনস্বীর্কায। ১২ মে ফ্লোরেন্স নাইটিংগেল এর জন্মদিন; সারা বিশ্বের সাথে তাল মিলিয়ে বাংলাদেশের নার্সিং সমাজও তাকে শ্রদ্ধাভরে স্মরণ করছে। আধুনিক নার্সিং শিক্ষার পথিকৃৎ ফ্লোরেন্স নাইটিংগেল নার্সদের কাজ সম্পর্কে বলেছেন- নার্সিং এর প্রথম কাজ হচ্ছে রোগীকে পর্যবেক্ষন করা, রোগীর শারীরিক ও মানসিক পরিবর্তনকে সঠিকভাবে অনুধাবন করে রোগীর প্রয়োজন বুঝে রোগীকে সেবা প্রদান করা। বাংলাদেশে নার্সরা দক্ষতার সঙ্গে সে কাজই করে যাচ্ছে।

অপরদিকে, মিডওয়াইফ তৈরী ও পদায়ন বর্তমান সরকারের সময়োপযোগী একটি পদক্ষেপ। এই পদক্ষেপ গ্রহণের ফলে বাংলাদেশে উল্লেখযোগ্যহারে মাতৃ-শিশু মৃত্যুহার কমে আসছে। মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নে ৩০০০ সৃজিত মিডওয়াইফ পদে নিয়োগ প্রদান প্রক্রিয়া অব্যাহত আছে। এ যাবৎ ১১৪৮ জন মিডওয়াইফ জেলা ও উপজেলায় কাজ করে যাচ্ছে। এছাড়া ১৬০০ সিনিয়র স্টাফ নার্সকে ৬ মাস মেয়াদি ট্রেনিং দিয়ে সার্টিফাইড মিডওয়াইফ তৈরী করা হয়েছে যার অধিকাংশই বিভিন্ন জেলা ও উপজেলায় তাদের দায়িত্ব পালন করে যাচ্ছে। মানসম্মত মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা, মিডওয়াইফদের কর্মপরিবেশ ও সুযোগ সুবিধা নিশ্চিত করার বিষয়ে বর্তমান সরকার অত্যন্ত আন্তরিক। মিডওয়াইফারি শিক্ষা ও সার্ভিসকে শক্তিশালী করার লক্ষ্যে সরকারের আন্তরিক সহযোগিতার ফলে সুইডেন সরকারের ডালার্না বিশ্ববিদ্যালয়ের অধীনে ওয়েব বেইজড মিডওয়াইফারি মাস্টার্স কোর্স অব্যাহত আছে । ইতোমধ্যে ৬০ জন মাস্টার্স ডিগ্রী অর্জন করেছে এবং ৬০ জন অধ্যয়নরত রয়েছে । মা ও শিশুর রোগ প্রতিরোধ এবং উন্নত সেবাদানে একজন প্রশিক্ষিত ও দক্ষ মিডওয়াইফ গর্ভধারণ থেকে শুরু করে নিরাপদ প্রসব, প্রসবোত্তর সেবা ও নবজাতকের স্বাস্থ্য সুরক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারছে। শুধু নিরাপদ প্রসবের মধ্যেই তাদের দায়িত্ব সীমাবদ্ধ নয়, মা ও শিশুর পুষ্টি, রোগ প্রতিরোধ টিকা, বাল্যবিবাহ ও নারীর প্রতি সহিংসতা রোধে পরিবারের সদস্যদের মধ্যেও সচেতনতা বৃদ্ধিতে একযোগে কাজ করে যাচ্ছে।

আমি বিশ্বাস করি, নার্স ও মিডওয়াইফদের জন্য প্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রম বৃদ্ধির মাধ্যমে প্রশিক্ষিত ও দক্ষ রেজিস্ট্রার্ড নার্স ও মিডওয়াইফের সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাবে; মাতৃ ও শিশুস্বাস্থ্য নিশ্চিত হবে।

আমার প্রত্যাশা, নার্স ও মিডওয়াইফগণ কর্তব্যের প্রতি আরো নিষ্ঠাবান ও প্রতিশ্রুতিবদ্ধ হয়ে দেশ ও সমাজে নিজেদের অবস্থান ও ভাবমূর্তি আরো উজ্জ্বল করবে। পরিশেষে আমি এই দিবসের সর্বাঙ্গীন সফলতা কামনা করি।

ধন্যবাদান্তে

তন্দ্রা শিকদার

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

আজ ৫ মে ২০১৯ "আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস"। বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও যথাযথ মর্যাদায় এ দিবসটি উদযাপন করা হচ্ছে জেনে আমি আনন্দিত। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের যৌথ এ উদ্যোগকে আমি স্বাগত জানাই।

এ বছর ICM-কর্তৃক নির্ধারিত প্রতিপাদ্য বিষয়: "Midwives: Defenders of Women's Rights." অর্থাৎ নারীর অধিকার রক্ষায়: মিডওয়াইফ। মানসম্মত প্রসূতি ও শিশু পরিচর্যার ক্ষেত্রে প্রতিপাদ্যটি গুরুত্বপূর্ণ বলেই আমি মনে করি।

মাতৃ ও শিশু মৃত্যুরোধে একজন প্রশিক্ষিত মিডওয়াইফের ভূমিকা অপরিসীম। একজন প্রশিক্ষিত ও দক্ষ মিডওয়াইফ গর্ভবতী মা ও শিশুর সুস্বাস্থ্য ব্যবস্থাপনায় সক্ষম। মিডওয়াইফ নবজাতকের অস্বাভাবিক উপসর্গ সনাক্তপূর্বক চিকিৎসার জন্য উপযুক্ত হাসপাতাল বা ক্লিনিকে প্রেরণ করতে পারে। মা ও শিশুস্বাস্থ্য উন্নয়নের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী পর্যায়ক্রমে প্রত্যন্ত অঞ্চলে সুবিধা বঞ্চিত মানুষের দোরগোরায় স্বাস্থ্যসেবা নিশ্চিত করা হবে।

আমার বিশ্বাস ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষমাত্রা অর্জনের মাধ্যমে উন্নত দেশের তালিকায় বাংলাদেশ স্থান পাবে। এ লক্ষ অর্জনে প্রয়োজন প্রশিক্ষিত মিডওয়াইফের সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি এবং মিডওয়াইফারি শিক্ষা ও সার্ভিসকে শক্তিশালী করা। মাতৃ ও শিশুস্বাস্থ্য উন্নয়নে সরকারের পাশাপাশি বেসরকারী প্রতিষ্ঠানকেও এগিয়ে আসতে হবে।

পরিশেষে, আমি আন্তর্জাতিক মিডওয়াইফ দিবসের সাফল্য এবং মিডওয়াইফ পেশার উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

ধন্যবাদ

(কাজী মোস্তফা সারোয়ার)

5 MAY 2019
Midwives: Defenders of Women's Rights

সভাপতি
বাংলাদেশ স্বাধীনতা চিকিৎসক পরিষদ

বাণী

৫ মে আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস। বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও যথাযথ মর্যাদায় এ দিবসটি উদযাপন করা হচ্ছে যেনে আমি আনন্দিত। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের সম্মিলিত এ উদ্যোগকে আমি স্বাগত জানাই। এ দিবসের প্রতিপাদ্য বিষয় **"Midwives: Defenders of Women's Rights".** অর্থাৎ 'নারীর অধিকার রক্ষায়: মিডওয়াইফ' যা বাংলাদেশের প্রেক্ষাপটে যুগপোযোগী ও সর্বজনীন।

গর্ভবতী মা ও নবজাতকের উন্নতমানের স্বাস্থ্য পরিচর্যা, মৃত্যু ও জটিলতা প্রতিরোধে প্রশিক্ষিত মিডওয়াইফ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। পরিসংখ্যান অনুযায়ী একজন দক্ষ ও অভিজ্ঞ নার্স-মিডওয়াইফ ৮৭ ভাগ মা ও নবজাতকের প্রয়োজনীয় সেবা দিতে সক্ষম। বাংলাদেশে প্রাতিষ্ঠানিকভাবে ৩৮ ভাগ প্রসব করানো হয়। জাতিসংঘের অঙ্গীকার **"Every Woman Every Child"** মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশে সৃজীত ৩০০০ মিডওয়াইফ পদে সরকার ইতোমধ্যে নিয়োগ প্রদান শুরু করেছে। আওয়ামীলীগ সরকারের সময়ে বাংলাদেশ বিভিন্ন সেক্টরে প্রভূত উন্নতি সাধন করে ধীরে ধীরে 'স্বল্প উন্নত দেশ' থেকে 'উন্নয়নশীল দেশ'-এ পরিনত হচ্ছে। স্বাস্থ্যখাতেও দেশটি বিগত দশকগুলোতে উল্ল্যেখযোগ্য অগ্রগতি সাধন করেছে। এসব সাফল্যের কারণে মাননীয় প্রধানমন্ত্রী সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের পথে শিশু স্বাস্থ্য ও মাতৃ স্বাস্থ্যের বিষয়ে জাতিসংঘের পুরষ্কার লাভ করেন।

একজন মিডওয়াইফ নারীর মৌলিক অধিকার যেমন; নারীর সহিংসতা, বৈষম্য, যৌনপ্রজনন স্বাস্থ্য ইত্যাদি রক্ষায় কাজ করে যাচ্ছে। নিরাপদ মাতৃপ্রসূতি ও গুনগত সেবাদান প্রদানের লক্ষে সহায়ক কর্মপরিবেশ নিশ্চিত করা অপরিহার্য।

বর্তমান সরকার ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়নের লক্ষ্যে **(SDGs)** বিভিন্ন কর্মকৌশল গ্রহণ করেছে। ১৭টি উন্নয়ন লক্ষ্যমাত্রার মধ্যে তৃতীয়টি হচ্ছে "সকলের জন্য সুস্থ্য ও উন্নত জীবন নিশ্চিত করা"। এ লক্ষ্যমাত্রা অর্জনের সরকার বিভিন্ন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করেছে।

আমি "আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস"-এর সাফল্য কামনা করি।

ধন্যবাদ

(ডা: এম. ইকবাল আর্সলান)

রেজিস্ট্রার
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

বাণী

৫ মে ২০১৯ "আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস" প্রতিবছরের ন্যায় এবছরও বাংলাদেশে বিভিন্ন অনুষ্ঠানর মধ্য দিয়ে উদ্‌যাপন করায় আমি গর্বিত ও আনন্দিত। বিশ্বব্যাপী মা ও শিশু স্বাস্থ্যসেবায় মিডওয়াইফদের ভূমিকা সম্পর্কে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্য আইসিএম কর্তৃক এ উদ্যোগ গৃহীত হয়েছে। দিবসটির এবারের প্রতিপাদ্য বিষয়: "Midwives: Defenders of Women's Rights." অর্থাৎ নারীর অধিকার রক্ষায়: মিডওয়াইফ।

গর্ভবতী মা ও শিশু স্বাস্থ্য সুরক্ষায় মিডওয়াইফারি একটি গুরুত্বপূর্ণ পেশা। বাংলাদেশ সরকার এর গৃহীত বিভিন্ন কর্মসূচি এবং আন্তর্জাতিক বিভিন্ন সংস্থা বিশেষ করে UNFPA-এর টেকনিক্যাল সহযোগিতায় মিডওয়াইফারি শিক্ষা ও পেশার ব্যাপক উন্নয়ন সাধিত হয়েছে।

এ লক্ষে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিশ্রুত ৩০০০ মিডওয়াইফ পদ সৃজন করা হয়েছে যা রেজিস্টার্ড মিডওয়াইফ দ্বারা ইতোমধ্যে পূরণ করা শুরু হয়েছে। সরকারি ও বেসরকারি পর্যায়ে মোট ৫৫টি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে ৩ বছর মেয়াদী ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্স পরিচালনা অব্যাহত আছে।

গর্ভবতী মা, নবজাতক ও গর্ভধারণে সক্ষম মেয়েদের স্বাস্থ্য সুরক্ষা, মানসম্মত সেবাদান পরামর্শ প্রদানসহ বিভিন্ন ক্ষেত্রে মিডওয়াইফগণ অবদান রাখছে। গর্ভবতী মা সহ সকল স্তরের নারী এমনকি সেবাদানকারী মিডওয়াইফদের শারীরিক ও মানসিক নির্যাতন, যৌন নিপীড়ন এবং নারীর অধিকার ইত্যাদি রক্ষায় সরকারের পাশাপাশি সমাজের সকল স্তরের সচেতন মানুষকে এগিয়ে আসতে হবে। সর্বত্র বিশেষ করে স্বাস্থ্যসেবা সুবিধা বঞ্চিত এলাকার নারীদের জন্য প্রজননস্বাস্থ্য সেবা ও যৌনসংক্রমণ প্রতিরোধে চিকিৎসাসেবা গ্রহণের সুবিধা নিশ্চিত করা অপরিহার্য। বর্তমান সরকার এসব সমস্যা সমাধানে সচেষ্ট।

আইসিএম-এর প্রতিপাদ্যের আলোকে মানসম্মত মেটারর্নিটি সার্ভিস নিশ্চিত করার লক্ষে নবনিযুক্ত মিডওয়াইফদের জন্য উপযুক্ত কর্ম পরিবেশ ও পর্যাপ্ত লজিস্টিক সাপোর্ট অপরিহার্য। উন্নত সেবাদানের লক্ষে মিডওয়াইফদের ব্যবহারিক শিক্ষা ও কর্মকান্ড পর্যবেক্ষণ, মূল্যায়নের জন্য ইতোমধ্যে চেকলিস্ট ও নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

পরিশেষে, আমি "আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস" উদ্‌যাপনে সংশ্লিষ্ট সকল সহযোগীদের আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

ধন্যবাদ

(সুরাইয়া বেগম)

5 MAY 2019
Midwives: Defenders of Women's Rights

BRAC UNIVERSITY

Inspiring Excellence

প্রতিষ্ঠাতা ও চেয়ারপারসন
ব্র্যাক ও ব্র্যাক বিশ্ববিদ্যালয়

বাণী

আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস ২০১৯ উদযাপন করায় ব্র্যাক এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিল এবং নার্সিং এন্ড মিডওয়াইফারি অধিদপ্তরকে আন্তরিক শুভেচ্ছা। যথোপযুক্ত সময়ে মিডওয়াইফারি শিক্ষা কার্যক্রম চালু এবং ইতিমধ্যে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে মিডওয়াইফ পদে নিয়োগদান করায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারকে অভিনন্দন জানাচ্ছি। সুবিধাবঞ্চিত গ্রামীণ এলাকার মাতৃ ও নবজাতকের স্বাস্থ্য সেবায় মিডওয়াইফদের নিযুক্ত করার চলমান এই প্রক্রিয়া একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

সরকারের এই চলমান মহৎ উদ্যোগকে আরও বেগবান করতে ব্র্যাক এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের প্রতিটি সদস্য আন্তরিকতার সাথে নিরলস সহযোগিতা করে যাচ্ছেন। ইতোমধ্যে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ১৬১ জন গ্রাজুয়েট মিডওয়াইফ দেশের বিভিন্ন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এবং আরও ১৬৪ জন রোহিঙ্গা ক্যাম্প গুলোতে অত্যন্ত দক্ষতার সাথে মাতৃ ও নবজাতক স্বাস্থ্য সেবাসহ পরিবার পরিকল্পনা সেবা প্রদান করছেন। অন্যদিকে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের ১৭৯ জন মিডওয়াইফ সফলতার সাথে তাঁদের গ্রাজুয়েশন সম্পন্ন করে লাইসেন্সিং পরীক্ষার জন্য প্রস্তুতি গ্রহন করছেন এবং আরও ৪৬০ জন ছাত্রী মিডওয়াইফারি ডিপ্লোমা কোর্সের বিভিন্ন সেশনে অধ্যায়নরত আছেন।

আমি অত্যন্ত গর্বিত যে, ব্র্যাক বিশ্ববিদ্যালয় সরাসরি সরকারি ও বেসরকারি তত্ত্বাবধানে দুটি সার্বক্ষনিক মিডওয়াইফারি লেড কেয়ার সেন্টার (২৪/৭) চালু করেছে যেখানে প্রশিক্ষিত এবং দক্ষ মিডওয়াইফগন প্রসব পূর্ব, প্রসবকালীন ও প্রসব পরবর্তী সেবার সকল ধাপে নিরলস Respectful Maternity Care প্রদান করছেন। এই মিডওয়াইফারি লেড কেয়ার সেন্টারগুলোতে ব্র্যাক বিশ্ববিদ্যালয় প্রবর্তিত ডেলিভারী চেয়ার এদেশের মিডওয়াফারি সেবায় এক নতুন মাত্রা যোগ করেছে এবং প্রসূতি মায়েদের নিরাপদ স্বাভাবিক প্রসবে যথেষ্ট আস্থা অর্জন করেছে। মিডওয়াইফারি লেড কেয়ার সেন্টারগুলোতে সেবা প্রদানের পাশাপাশি তারা নিয়মিত কমিউনিটি সেবাও প্রদান করছেন।

আমি মনে করি যে, বাংলাদেশে মাতৃ ও নবজাতকদের মৃত্যুহার হ্রাস করতে মিডওয়াইফারি সেবা এবং মিডওয়াইফদের পেশাগত দায়িত্ব পালনের উপযুক্ত পরিবেশ নিশ্চিত করা অতীব জরুরী। এই মহৎ কাজে ব্র্যাক এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয় সরকারকে সহযোগিতা করার জন্য সম্পূর্নভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

মিডওয়াইফারি কার্যক্রম বাস্তবায়নে সার্বক্ষনিক সহযোগিতা করায় সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিল, নার্সিং এন্ড মিডওয়াইফারি অধিদপ্তর এবং উন্নয়ন সহযোগী সকল সংস্থাদের ধন্যবাদ জ্ঞাপন করছি।

পরিশেষে, আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস ২০১৯ এর সর্বাঙ্গীন সাফল্য কামনা করছি।

ধন্যবাদ

(স্যার ফজলে হাসান আবেদ)

সভাপতি
বাংলাদেশ মিডওয়াইফারি সোসাইটি

বাণী

৫ মে বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও "আন্তর্জাতিক মিডওয়াইফ দিবস" উদ্‌যাপিত হওয়ায় আমি অত্যন্ত আনন্দিত। দিবসটির এবারের প্রতিপাদ্য বিষয় "Midwives: Defenders of Women's Rights" অর্থাৎ "নারীর অধিকার রক্ষায়: মিডওয়াইফ" যা বাংলাদেশের প্রেক্ষাপটে যথার্থ বলে আমি মনে করি।

মা ও শিশুর উন্নত সেবাদানে প্রশিক্ষিত মিডওয়াইফ খুবই প্রয়োজন। বিশ্বে মিডওয়াইফারি একটি গুরুত্বপূর্ণ পেশা হিসেবে গর্ভবতী মা ও শিশু পরিচর্যা এবং মাতৃশিশু মৃত্যু প্রতিরোধে উল্লেখযোগ্য ভূমিকা রেখে যাচ্ছে। বাংলাদেশে এ পেশার অবদান বর্তমানে দৃশ্যমান। বর্তমান সরকারের আন্তরিকতা ও বিভিন্ন পদক্ষেপের ফলে মিডওয়াইফগণ তাদের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করে যাচ্ছে। আজ সর্বত্রই মিডওয়াইফগণ মানসম্মত সেবাদানে এগিয়ে যাচ্ছে।

এসডিজি অর্জনের লক্ষ্যেও মিডওয়াইফগণ অত্যন্ত সফলভাবে কাজ করে যাচ্ছে। বাংলাদেশ মিডওয়াইফারি সোসাইটি (বিএমএস) ইউএনএফপিএ'র সহযোগিতায় রয়েল কলেজ অব মিডওয়াইফ যুক্তরাজ্যের সাথে Twinning project এর মাধ্যমে বাংলাদেশে মিডওয়াইফদের সামাজিক মর্যাদা বৃদ্ধি ও সর্বস্তরে মিডওয়াইফদের গ্রহণ যোগ্যতা নিশ্চিত করার লক্ষ্যে কাজ করে যাচ্ছে। রয়েল কলেজ অব মিডওয়াইফের সহযোগিতায় বাংলাদেশে মিডওয়াইফদের লিডারশীপ প্রশিক্ষণ প্রদান করার জন্য বিএমএস নিয়মিত মিডিয়া এডভোকেসি, ইংলিশ ও আইসিটি ইত্যাদি ট্রেনিং এর আয়োজন করছে। বিএমএস-এর প্রত্যাশা বাংলাদেশের প্রতিটি মা ও নবজাতক অবশ্যই একজন দক্ষ মিডওয়াইফের স্বাস্থ্যসেবা গ্রহণ করার মাধ্যমে সম্ভাব্য জটিলতা থেকে মুক্ত থকবেন।

পরিশেষে আন্তর্জাতিক মিডওয়াইফারি দিবসে বাংলাদেশ মিডওয়াইফারি সোসাইটির পক্ষ থেকে আমি সংশ্লিষ্ট সকলকে জানাই আন্তরিক অভিনন্দন।

(মমতাজ বেগম)
সভাপতি
বাংলাদেশ মিডওয়াইফারি সোসাইটি।

5 MAY 2019
Midwives: Defenders of Women's Rights

World Health Organization
Bangladesh

WHO Representative

Message

Today we celebrate the contributions that nurses and midwives make to Bangladesh society the two cadres that are essential especially at the front-line, where they provide holistic, person and family centred care around the clock, any day of the week. The optimization of skills, knowledge, and leadership of nurses and midwives are recognized in every region and country. These two professions have been trusted professions for many tears because they deliver quality professions for many years because they deliver quality, respectful and compassionate care to all.

Nurses you take care of persons from birth to death, during emergency situations to ongoing care. Your profession truly exemplifies the notion of 'health for all, nobody left behind'. In Bangladesh we now have a post-graduate institution that offers higher degrees for nursing. With the increased body of scientific knowledge and broadening scope of practice, nurses, I urge you to be innovation in approaches that consider holistic people centred model to provide health for all.

Quality midwives, you are well placed to provide continuity of care to women, newborns and their families at primary health care level and you are part of these communities. You are specialists that provide care close to where women and families live. Midwifery services are necessary in rural areas where there is scarcity of qualified health professional and in Bangladesh we should consider expansion of this cadre with an incentivised package for their services. Midwives, you are defenders of women's rights, every day wherever they are.
Today we are also celebrating world hand hygiene day around the world. Nurses and midwives, ensuring patient safety must be at the core of your work. Effective hand hygiene can prevent some hospital acquired infections, especially for those that are immune-compromised including newborns, children ill, and the elderly. Let us not forget the moments for hand hygiene as part of every patient care. Be the champions for clean care, it's in your hands. Patient safety, infection prevention and control and quality of care are integral to achieving universal health coverage.

There is global attention on the work that nurses and midwives contribute in providing health for all as part of universal health coverage and the sustainable development goals. As such, the Executive Board at WHO has designated the year 2020 as the "Year of the Nurse and Midwife" in honour of the 200th birth anniversary of Florence Nightingale. Therefore next year will be significant for strengthening both professions. The nursing and midwifery workforce's impact on universal health coverage will be highlighted in 2020 through the State of the World's Nursing report and State of the World's Midwifery Report. The very first State of the World's Nursing report will describe how the nursing workforce will help deliver UHC and the SDGs. The third State of the World Midwifery report will report on the progress and future challenges to deliver effective coverage and quality midwifery services. This will be great opportunity to showcase progress made in Bangladesh.

Development of your professions are vital to progress towards universal health coverage and achieving the sustainable development goals. The UHC goals are attainable, and nurses and midwives, you can contribute to many of the SDGs by becoming more empowered and involved in primary care services, as outlined by the astana Declaration. Teamwork and interprofessional collaboration is essential to delivering quality health care. Become and always be the voice to lead the way continue to be patient advocates and defend women's rights.

Dr Bardan Jung Rana
WHO Representative

Representative
UNFPA Bangladesh

Message

It gives me immense joy to have the opportunity to observe the “International Day of the Midwife 2019” along with the “International Nurses Day 2019” with the participation of the Government of Bangladesh in recognizing the importance of midwives and nurses as healthcare professionals. The theme for the International Day of Midwives this year “Midwives: Defenders of women’s rights”, as given by the International Confederation of Midwives, resonates deeply with the UNFPA mandate, “Delivering a world where every pregnancy is wanted, every childbirth is safe and every young person’s potential is fulfilled”, thus to emphasize on the important need of leaving “no one behind”.

This year, 2019, is a very significant year for us as we turn 50 – a very special birthday. The worldwide movement to give women real choices in life culminated in the landmark 1994 International Conference on Population and Development (ICPD) Programme of Action, which drives our work, turns 25 years this year. In ICPD, a consensus was reached regarding the link between women’s empowerment, sexual and reproductive health, human rights and sustainable development; moving away from population control, towards a human-centered, and rights-based, approach to development. The ICPD generated a new narrative into the development discourse of an individual’s freedom to decide about his/her reproductive life. The quality of reproductive health services and respect for women’s rights were placed firmly at the center. Therefore, to meet the quality SRHR services for all, we need more midwives and intensified commitment from all stakeholders.

In a span of a few years since the introduction of midwifery as a separate cadre in the healthcare system of Bangladesh, we have seen a great deal of development in maternal and child health. We will continue to keep this wonderful momentum going and meet any challenges that could come our way, to gradually, but surely, work towards our collected goal of achieving the SDGs by 2030.

In addition to the rapid advancements in midwifery in Bangladesh, the existing nursing scenario has also been seeing tremendous growth. As we observe the “International Nurses’ Day 2019” as well, we shall recognize the true value of nurses and midwives together in the healthcare facilities to provide professional quality care. This year’s “International Nurses’ Day” theme has is “Nursing: A voice to lead -health for all”. This highlights the importance of each of our voices in order for healthcare to function at its absolute optimal potential. It is my firm belief that ensuring the continued emphasis on both midwifery and nursing, side by side will be key to Bangladesh achieving its goals in the healthcare front. UNFPA thanks all of the midwives and nurses who have bravely stepped forward to fulfill leadership roles in the health care delivery system. UNFPA Representative thanks all of the midwives and nurses who have bravely stepped forward to fulfill leadership roles in the health care delivery system.
UNFPA would like to commend the Government of Bangladesh, in particular the Ministry of Health and Family Welfare, for its hard work and dedication in promoting the health for all ensuring a strong midwifery and nursing profession.

Dr. Asa Torkelsson
UNFPA Bangladesh Representative

Center of Excellence (CoE)-A Way Forward for Quality Nursing Education

Tandra Sikder[1], Shirina Akhter, Lubana Ahmed [2], Monira Parveen, Dolly Maria Gonsalves

Introduction

In 2018, the Directorate General of Nursing and Midwifery (DGNM), with support from the Global Affairs Canada funded Human Resource for Health Project (HRH) Project initiated an innovative approach for improving the quality of nursing education through establishing "Centers of Excellence (CoE)- Standard Nursing Teaching Institutes –" to showcase quality improvement in nursing education in Bangladesh. Five (5) relatively well-performing HRH supported Nursing Institutes were selected in consultation with Ministry of Health and Family Welfare (MOHFW), DGNM, and Bangladesh Nursing and Midwifery Council (BNMC), to upgrade those as "Centers of Excellence. The participating Nursing Institutes (NIs) are Khulna, Cumilla, Tangail, Bogura, and Thakurgaon.

The activity was initiated with a broader stakeholders' consultation with representations from DGNM, BNMC, nursing colleges and institutes, UNFPA, WHO to develop an assessment checklist with specific criteria that covers four areas with a total of 72 quality indicators. The four areas are:

i. Administration and Management capacity of the NI In-Charge and his/her office staff (16 indicators);
ii. Teaching capacity of instructors and opportunities for peer learning (19 indicators);
iii. Linkages with the district hospitals and clinical placements that influence students learning (08 indicators); and
iv. Physical Facilities and Resources (furniture, T-L materials, labs, equipment, classrooms, library, student accommodation) needed for a standard institute (29 indicators).



As per the approved assessment checklist, the participating nursing institutes, must attain a score of ≥ 80% to qualify as a Center of Excellence. The criteria are graded as 2 points: Fully Met; 1 point: Partially Met and 0 point: Not Met.

To initiate the implementation, a CoE Implementation Committee was formed to oversee the implementation process in establishing the "Centers of Excellence". The Committee was comprised of representatives from DGNM, BNMC and HRH Project, chaired by the DG of DGNM.

[1] Directorate General of Nursing and Midwifery
[2] Human Resources for Health (HRH) Project in Bangladesh

During June/July 2018, a baseline assessment of the five (5) NIs was conducted by teams of 3 assessors (1 from DGNM, 1 Principal from Nursing Institute/Nursing College and the HRH Nursing Adviser). Data were collected using the approved checklist through desk review of documents and interviews with teachers and students.

Results:

The summary results from the baseline assessment show that Khulna Nursing Institute received the highest score (94.5%). Having scored more than 80%, they achieved CoE status at baseline. The other four (4) NIs (Bogura, Cumilla, Tangail and Thakurgaon) scored 74.7%, 63.9%,66.6%,and 68% respectively. DGNM, as Chair of the Implementation Committee sent each Institute a feedback on the assessment results including advising them to prepare an action plan to address the gaps identified during the assessment. The Action plans were forwarded to DGNM with copy to HRH project.

HRH project than provided technical and financial support to improve the areas mentioned earlier in order to improve so that they are able to meet the standard criteria.

CoE Implementation committeemembers were assigned to follow up each institute and monitor the progress on a regular basis based on the action plan. HRH project provided additional renovation/repair support (e.g. extension of student accommodations, conference room, classroom and setting up seven (7) different skill labs to meet BNMC standards) including procurement of essential Teaching - Learning materials, laptop, multimedia, sound system, printer and furniture for the participating NIs.

A final assessment was conducted in February 2019 after completion of the action plan activities using the same assessment checklist. The results showedsignificant improvements in 4 NIs in terms of cleanliness, coordination, motivation, use of labs and library, etc. Although Khulna already scored over 80%, during the baseline assessment, they also addressed their gaps as needed. The assessors observed great enthusiasm among the teachers, staff, students in the NIs and hospital staff toward meeting the required CoE criteria. Healthy competition among the NIs were also observed.

All five NIs demonstrated good improvement in the area of ***administration and management.*** Files were found to be updated and the documentation system improved. Staff performance in regard to involvement with progressive quality work, responsibilities and accountability increased.

Significant improvement was also noticed in the area of ***quality of education.*** Teachers were found to be using multimedia during lectures, preparing lesson plans, and accurately using alternative methods of teaching. During student interviews in all NIs, students' satisfaction increased with regard to academic guidance, lab and library access. There was increased use of the internet by students.

5 MAY 2019
Midwives: Defenders of Women's Rights

In the area of clinical practice, it was noted that all centers had established very good interpersonal relationships and good coordination between the hospital and the nursing institute. Hospital Nursing staff, Directors/ Superintendents, and doctors were very supportive and keen to achieve CoE status. During the baseline assessment visit, structured clinical practice assessment tools to test students' skills were found to be grossly lacking. Given the importance of a clinical practice checklist to ensure that each student achieves all requisite BNMC competencies, the HRH project assisted DGNM in developing one. During the final assessment visit,clinical checklists were in use in all CoE centers.

With respect to the fourth area - physical facilities and resources - these were found to be adequate in all centers except one NI which needed additional midwifery models. All centers have seven (7) well arranged skill labs and library.Use of skill labs and libraries increased significantly. All Institutes were keeping the labs and library open to students' use from 8.00am till 8.00pm. Table belowshows the results for all five NIs for both at the baseline and final assessments. .All NIs achieved scored over 80% at end line assessment securing the Center of Excellence status.

Table 1: Baseline and Endline Assessment Score for five Nursing Institutes



The Participating NIs received award for their notable contribution to improve their Nursing Institute into a "Center of Excellence"of nursing education. The award was presented to the Institutes during the National Network Meeting for nurses in presence of 300+ nurses by the Director General Nursing and Midwifery and First Secretary, Global Affairs of Canadato the Nursing Institute during the National Network meeting at Krishibid Institute, Dhaka held on 3 April 2019. This innovative approach of quality improvement of nursing education has been instrumental in motivating the other public and private sector NIsto improve their institutes closer to a Center of Excellence status. DGNM is considering to expand the initiative in more nursing institutes in the next phase under operation plan budget in order to improve quality of nursing education. The technical and financial support for this initiative is provided by the Human Resources for Health Project in Bangladesh funded by Global Affairs Canada.

কারিকুলাম এবং কোর্স সিলেবাসের সঠিক বাস্তবায়ন চাই

অধ্যাপক ড. মোঃ মফিজ উল্লাহ

এমএসসি (যুক্তরাজ্য), পিএইচডি (ইউএসএ), ফেলো (জেসিইউ, অস্ট্রেলিয়া)
সদস্য (এশিয়া প্যাসিফিক ইমার্জেন্সী এন্ড ডিজাস্টারস নার্সিং নেটওয়ার্ক
কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা

স্বাস্থ্য ব্যবস্থাপনায় নার্সদের গুরুত্ব সার্বজনীন। আর্তপীড়িত মানুষের সেবায় নার্সদের ভূমিকা অনস্বীকার্য। অন্যদিকে প্রশিক্ষিত ও দক্ষ মিডওয়াইফ গর্ভবতী মা ও নবজাতকের মানসম্মত পরিচর্যা ও মৃত্যুরোধে অবদান রেখে চলছে। কিন্তু সাম্প্রতিককালে সরকারী/বেসরকারী পর্যায়ে নার্সিং শিক্ষা ও সার্ভিসের মান প্রশ্নবিদ্ধ?

নার্সবান্ধব মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বউদ্যোগের ফলে সমাজে নার্সিং পেশার মর্যাদাবৃদ্ধি পায়, যা নার্সদের জন্য বিরল সম্মান বয়ে এনেছে। ফলে এ পেশার প্রতি সাধারণ মানুষের দৃষ্টিভঙ্গি বদলে যায় এবং প্রতিটি শিক্ষা বর্ষে অসংখ্য মেধাবী ছেলে মেয়ে নার্সিং ডিপ্লোমা/স্নাতক ডিগ্রী গ্রহণের জন্য আবেদন করছে। ২০১৮-২০১৯ শিক্ষা বর্ষে ১৬০৭০ (সরকারি+বেসরকারি) আসনের বিপরীতে ৫২২৯৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৪২ হাজার ছাত্রছাত্রী কেন্দ্রীয়ভাবে প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশ গ্রহণ করে উত্তীর্ণ হয়। ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের যোগ্যতা দিয়ে নেতিবাচক মন্তব্য করার সুযোগ নেই।

প্রাপ্ত জিপিএ এবং ভর্তি লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে তাদের মেধা তালিকা প্রকাশ করা হয়। তাহলে নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষায় মান প্রশ্নবিদ্ধ কেন?

স্টুডেন্ট নার্সদের দক্ষ ও যোগ্য নার্স হিসেবে গড়ে তোলা বিষয় ভিত্তিক শিক্ষকদের নৈতিক দায়িত্ব। কিন্তু তা না করে অধিকাংশ শিক্ষক তাদের ব্যর্থতার দায়ভার সাধারণ স্টুডেন্টদের ঘাড়ে চাপিয়ে দেয়। অর্থাৎ স্টুডেন্টদের অযোগ্য বলে প্রমাণ করতে চায়। সংশ্লিষ্ট শিক্ষকদের টিচিং সক্ষমতা কতটুকু তা বিচার বিশ্লেষণ ও মূল্যায়ণ করা অপরিহার্য।

একজন অনভিজ্ঞ স্বর্ণকারের পক্ষে উন্নতমানের স্বর্ণালঙ্কাকারের ডিজাইন করা যেমন সম্ভব নয় তেমনি একজন অনভিজ্ঞ শিক্ষকের ক্ষেত্রেও তাই।

There is a Popular Saying:

"A good Curriculum is bad in the hands of a bad teacher
&
A bad curriculum is good in the hands of a good teacher".

সুতরাং কারিকুলামের চেয়ে অধিকতর গুরুত্বপূর্ণ একজন অভিজ্ঞ শিক্ষক। অপ্রিয় হলেও সত্য যে, অনেক বছর শিক্ষকতা করার পরও কারিকুলাম ও কোর্স সিলেবাস সঠিকভাবে বাস্তবায়নের ক্ষেত্রে আমাদের যথেষ্ঠ ঘাটতি রয়েছে। যেমন;

১. সঠিক পাঠ পরিকল্পনা তৈরি করা
২. সঠিক টিচিং মেথড ও টেকনিক নির্ধারণ করা
৩. লার্নিং নিডস সনাক্তকরণ, এনালাইসিস, ইন্টারপ্রিটেশন ও সিনথেসিস করা
৪. মানসম্মত প্রশ্নপত্র তৈরী করা
৫. প্রশ্নপত্রের উত্তরে অবজেকটিভিটি পূরণ হয়েছে কিনা তা যাচাই এর সক্ষমতা
৬. সঠিক মান বন্টন করা এবং
৭. কোর্স মূল্যায়ন পদ্ধতি ইত্যাদি।

শিক্ষা ও সার্ভিসের মান অবনতির আরোও অন্যতম কারণসমূহ যেমন;

১. সরকারী/বেসরকারী পর্যায়ে শিক্ষক/বাছাই/নিবার্চন নীতিমালা না থাকা
২. যোগ্যতা ও অভিজ্ঞতা যাচাই না করে শুধুমাত্র প্রাপ্ত সার্টিফিকেটের বিবেচনায় শিক্ষাপ্রতিষ্ঠানে পদায়ন
৩. তদবীরের মাধ্যমে শিক্ষাপ্রতিষ্ঠানে সংযুক্তি/পদায়ন পাওয়া।

শুধুমাত্র উচ্চ ডিগ্রী অর্জন বা ভাল ফলাফল একমাত্র ভাল শিক্ষকের শর্ত হতে পারে না। তাই একজন শিক্ষকের বেসিক ফাউন্ডেশন যাচাই অপরিহার্য। নার্সিং একটি বিজ্ঞান, আর্ট এন্ড এপ্রোচ। নার্সদের এনাটমি, ফিজিওলজি, বায়োলজি, প্যাথোফিজিওলজি, মেডিক্যাল এন্ড সার্জিকেল নার্সিংসহ অনেক গুলো স্বাস্থ্যসম্পার্কিত বিষয়ে প্রচুর পড়াশোনা করতে হয়। একজন রোগীর ৫০ ভাগ সুস্থ্যতা নার্সদের পরিচর্যার উপর নির্ভর করে। ক্ষেত্রবিশেষ চিকিৎসকের অনুপস্থিতিতে শতভাগ জীবন রক্ষা পায়। তাই নার্সদের জন্য তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষা গ্রহণের জন্য উপযুক্ত কর্মপরিবেশ অপরিহার্য।

নার্সিং শিক্ষা ও সার্ভিসের মান উন্নয়নে কিছু সুনির্দিষ্ট প্রস্তাব পেশ করা হলঃ

১. প্রত্যেক শিক্ষককে হালনাগাদ পাঠ্যক্রম (কারিকুলাম) অনুযায়ী পাঠ্যসূচী ওরিয়েন্ট করা
২. বিষয়ভিত্তিক শিক্ষক তৈরি করা
৩. টিচার্স ডেভলাপমেন্ট ট্রেনিং এর ব্যবস্থা করা
৪. স্টুডেন্ট কর্তৃক টিচার্স মূল্যায়ন পদ্ধতি চালু ও বাস্তবায়ন করা
৫. শিক্ষক নিয়োগ নীতিমালা তৈরী করা অথবা তাৎক্ষনিক উপস্থিতিতে ১ ঘন্টার পাঠদানের পরিকল্পনা (লেসন প্লান) তৈরী করে সম্মানিত নির্বাচকমন্ডলীর সামনে লেকচার ডেলিভারী করা।

এমতাবস্থায় কারিকুলাম ও কোর্স সিলেবাসের সঠিক বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

Exemplar

Renoara Aktar, MPH (RH) and MSc (SRH&R), Deputy Nursing superintendent
Sylhet M A G Osmani Medical College Hspital

There was an unforgettable moment for me. It was Monday morning 28 March 2015. I was working in a Labour ward as a clinical guide teacher. A woman named Laxmi Rani age 33 years Maghalpur, Duarabazar Sunamganj who delivered a male baby before 10 hours and she was bleeding heavily with full bladder. That was the time there was no family members but I saw her in poor feeding regarding attachment which attracted me. I reached there immediately and listened to her condition and asked her to void urine.

I heard that her baby was born on the way when she was coming to the hospital with full term true labour pain, with the help of her elder sister-in-law who was unskilled in relation to Midwifery care. I saw the baby was sick and wrapped a wet cloth, introduced me. I gave assurance to her and asked about her families. During introduction I asked permission to change wet cloth BUT what I saw that the baby's cord 8 inches long and ligated with a tailor black thread, a ribbon that bend the baby's neck with out any aseptic precaution picture attached.

It was a miserable incident. I got very worried about that situation. How to manage that case? The situation was very grave, the baby was asphyxiated and the vulnerable for neonatal infection, skin was cold and clammy, I immediately called my colleague and all participants to help the mother. Then we went with senior midwives and doctors to manage the cord clam to ligate baby's cord. We managed it from OT and ligated the cord regarding 2 inches above the base of abdomen with a cord clam and cut the cord. We assessed the baby's physical condition and performed ligature cord and arranged immediately admission to neonate ward.

The doctors and senior midwife sought out the baby's conditions and corrected it. Mother got happiness, We worked as a team with the object to save the baby's life and we all were happy with thanks to God.

Even the situation had been very stressful and tense, it went well and we felt satisfied with how it was managed and the team approached to save the mom & baby's life. In our effort, we are convinced that the mother gained confidence in our work.

